# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৪১

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর নাম ও উপনাম একসঙ্গে রাখা মাকরূহ।

بَابُ مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الجَمْعِ بَيْنَ اسْمِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكُنْيَتِهِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ عَجْلاَنَ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَى أَنْ يَجْمَعَ أَحَدٌ بَيْنَ اسْمِهِ وَكُنْيَتِهِ وَيُسَمَّى مُحَمَّدًا أَبَا الْقَاسِمِ . وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ كَرِهَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ أَنْ يَجْمَعَ الرَّجُلُ بَيْنَ اسْمِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَكُنْيَتِهِ وَقَدْ فَعَلَ ذَلِكَ بَعْضُهُمْ . رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ سَمِعَ رَجُلاً، فِي السُّوقِ يُنَادِي يَا أَبَا الْقَاسِمِ فَالْتَفَتَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ لَمْ أَعْنِكَ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " لاَ تَكْتَنُوا بِكُنْيَتِي " . حَدَّثَنَا بِذَلِكَ الْحَسَنُ بْنُ عَلِيٍّ الْخَلاَّلُ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ حُمَيْدٍ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم بِهَذَا . وَفِي هَذَا الْحَدِيثِ مَا يَدُلُّ عَلَى كَرَاهِيَةِ أَنْ يُكْنَى أَبَا الْقَاسِمِ .

বাংলা

২৮৪১. কুতায়বা (রহঃ) ..... আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর নাম ও উপনাম এক সঙ্গে কারো রাখা এবং মুহাম্মাদ আবুল কাসিম ডাকা নিষেধ করেছেন।

হাসান, মিশকাত, তাহকিক ছানী ৪৭৬৯, সহীহাহ ২৯৬৪, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮৪১ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। কোন কোন আলিম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নাম ও উপনামে একত্রে কারো নাম রাখা অপছন্দ করেছেন। আর কোন কোন আলিম তা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি বাজারে শুনতে পেলেন যে, এক ব্যক্তি ডাকছে ’হে আবুল কাসিম’। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুরে তাকালেন। কিন্তু লোকটি বললঃ আমি আপনাকে ডাকছি না।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমার উপনামে তোমাদের উপনাম রাখবে না। হাসান ইবন আলী

খাল্লাল (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণিত হয়েছে। আবুল কাসিম উপনাম রাখা মাকরূহ হওয়ার বিষয়ে এ হাদীসটি প্রমাণ ব্যক্ত করছে।

## English

Narrated Abu Hurairah:
that the Prophet (ﷺ) prohibited that one use his name and his Kunyah; naming themselves Muhammad Abul-Qasim.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38193

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন